

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-রাজশাহী

কর ভবন, হেলেনাবাদ, রাজশাহী

www.taxeszoneraishahi.gov.bd

স্মারক নং-১ই-৭(খ)/২০২১-২০২২/ ১৪১৮

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহীর অধীনে ২৬ (ছাব্বিশ) টি শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত কর অঞ্চল-রাজশাহীর অধিক্ষেত্রাধীন সিভিল জেলার (রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, পাবনা, নাটোর) প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে অনলাইনে (online) এ (<http://taxraj.teletalk.com.bd> ওয়েবসাইটে) আবেদন আহবান করে দৈনিক প্রথম আলো, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক সোনালী সংবাদ পত্রিকায় ১৭/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ২ নং কলামে উচ্চমান সহকারী এবং ৫ নং কলামে গাড়িচালক পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অংশে আংশিক পরিবর্তন করে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, ২০/০৪/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে দৈনিক সোনালী সংবাদ, ২১/০৪/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে দৈনিক ইত্তেফাক ও ডেইলী অবজারভার পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং ১৭/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে দৈনিক প্রথম আলো, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক সোনালী সংবাদ পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে যে সকল প্রার্থীগণ ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন
১।	উচ্চমান সহকারী গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/-	০৮(আট) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ।	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ পাবনা ও নাটোর জেলা
২।	গাড়িচালক গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।	

২। বয়সসীমা:

বয়সসীমা	বয়সসীমা নির্ধারণের তারিখ
১৮ হতে ৩০ বছর	যে সকল প্রার্থীর বয়স ৩১-০১-২০২২ খ্রিস্টাব্দে বর্ণিত সময় সীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। প্রার্থীর যোগ্যতা এবং অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী পূর্বের ন্যায় অপরিবর্তিত।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণের সময়সীমা:

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <http://taxraj.teletalk.com.bd> এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরু তারিখ ও সময় ০৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময় সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online** এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে **SMS** এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

স্বাক্ষরিত:

৩০/০৬/২০২২

উপ কর কমিশনার

সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-রাজশাহী ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

কর অঞ্চল-রাজশাহী

ফোন: ০৭২১-৭৭৫৭৯৭

ই-মেইল: ctrajtech@gmail.com